



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ৯ জানুয়ারি ২০১৪

প্রেস বিজ্ঞপ্তি

পানছড়িতে আওয়ামী লীগ নেতা হত্যার ঘটনায় ইউপিডিএফ সংশ্লিষ্ট নয়

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের সমন্বয়ক প্রদীপন খীসা আজ ৯ জানুয়ারি বৃহস্পতিবার সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে বলেছেন, খাগড়াছড়ির পানছড়ি উপজেলার লোগাং ইউনিয়নের বিদ্যামোহন কার্বারী পাড়ায় গতকাল বুধবার (৮ জানুয়ারি ২০১৪) রাতে নব কুমার ত্রিপুরা(৪২) নামে স্থানীয় এক আওয়ামী লীগ নেতাকে হত্যার ঘটনায় ইউপিডিএফকে জড়িয়ে যেসব অভিযোগ করা হয়েছে এবং বিভিন্ন মিডিয়ায় যে খবর প্রকাশিত হয়েছে তা সম্পূর্ণ মিথ্যা, ষড়যন্ত্রমূলক ও উদ্দেশ্যপ্রণোদিত। এ ঘটনার সাথে ইউপিডিএফের কোন সংশ্লিষ্টতা নেই। ইউপিডিএফকে বিতর্কিত ও বেকায়দায় ফেলার জন্য এ ঘটনার সাথে ইউপিডিএফকে জড়ানো হচ্ছে।

বিবৃতিতে তিনি বলেন, ইউপিডিএফ পার্বত্য চট্টগ্রামে বসবাসরত সকল জাতিসত্তার অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে গণতান্ত্রিকভাবে আন্দোলন চালিয়ে যাচ্ছে। এই ন্যায়সঙ্গত আন্দোলনকে বাধাগ্রস্ত করে ভিন্নখাতে প্রবাহিত করার লক্ষ্যে একটি বিশেষ মহল ইউপিডিএফের বিরুদ্ধে নানা চক্রান্তে লিপ্ত রয়েছে। এর থেকে সবাইকে সজাগ ও সতর্ক থাকতে হবে এবং জাতিগত ঐক্য সংহতিকে আরো সুদৃঢ় করতে হবে।

বিবৃতিতে তিনি উক্ত ঘটনার সাথে জড়িতদের আইনের আওতায় নিয়ে আসার দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ